

109340 - কোরবানীর পশু জবাই করার সময় জবাইকারী কি নিয়ত উচ্চারণ করবে?

প্রশ্ন

প্রশ্ন: কোরবানীর পশু জবাই করার সময় জবাইকারী যদি বলে: এটি অমুকের পক্ষ থেকে অর্থাৎ কোরবানকারীর নাম উল্লেখ করে সেটা কি নিয়ত উচ্চারণ করার পর্যায়ে পড়বে?

প্রিয় উত্তর

আলহামদুলিল্লাহ।

এই কথা বলা নিয়ত উচ্চারণ করার মধ্যে পড়বে না। কেননা “এই পশু আমার ও আমার পরিবারের পক্ষ থেকে” জবাইকারীর এ কথা বলা তার অন্তরের সংবাদ মাত্র। জবাইকারী তো বলছে না যে,; ‘আল্লাহু ইন্নী উরিদু আন উদাহ্‌হি’ (অর্থ- হে আল্লাহ, আমি কোরবানী করতে চাই) যেভাবে নিয়ত উচ্চারণকারী বলে থাকেন। তিনি তো শুধু তার অন্তরে যা রয়েছে তা প্রকাশ করেছেন মাত্র। নচেৎ নিয়ত তো এর আগেই পাকা হয়েছে; যখন থেকে তিনি কোরবানীর পশুটিকে হাজির করেছেন, মাটিতে শুইয়ে দিয়েছেন এবং জবাই করা শুরু করেছেন তখন থেকে তার নিয়ত পাকা হয়েছে।